

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ  
৩৭/এ, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।

এস. আর. ও. নং.../২০২৪। বীমা আইন, ২০১০ এর ধারা ২৭ এর উদ্দেশ্য পূরণকল্পে ধারা ১৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে, কর্তৃপক্ষ, সরকারের পূর্বনুমোদনক্রমে নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা।

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন। (১) এই প্রবিধানমালা বীমাকারীর রাজস্ব হিসাব, লাভ-ক্ষতির হিসাব ও স্থিতিপত্র প্রবিধানমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা। (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়-

(ক) “আইন” অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন);

(খ) “কর্তৃপক্ষ” অর্থ বীমা আইন, ২০১০ ধারা ২ (১০) এ উল্লিখিত কর্তৃপক্ষ;

(গ) “ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল” অর্থ ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ৩ এর আওতায় প্রতিষ্ঠিত ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল;

(ঘ) “ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস” অর্থ ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ২ (২১) এর আওতায় প্রণীত ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস।

(২) এই প্রবিধানমালায় যেই সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, এই প্রবিধানমালায়ও উক্ত অর্থে প্রযোজ্য হইবে;

৩। ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ড পরিপালন।- আইনের ধারা ৩২(৪) এর বিধান পরিপালনার্থে সকল বীমাকারী ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ৪০ এর আওতায় ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক গৃহীত ও বীমাকারীর জন্য ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডসমূহ অনুসরণপূর্বক সকল হিসাবাদি প্রস্তুত ও সংরক্ষণ করিতে হইবে।

৪। রাজস্ব, লাভ-ক্ষতির হিসাব ও স্থিতিপত্র প্রস্তুতকরণ।- (ক) ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ৪০ এর আওতায় ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক সর্বশেষ গৃহীত ও বীমাকারীর জন্য প্রযোজ্য ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডসমূহ অনুসরণপূর্বক লাভ-ক্ষতির হিসাব ও রাজস্ব হিসাব প্রস্তুত করিবে। রাজস্ব হিসাব প্রস্তুত করিবার জন্য ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস সংশ্লিষ্ট ছক ব্যবহার করিতে হইবে।

(খ) ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ৪০ এর আওতায় ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক সর্বশেষ গৃহীত ও বীমাকারীর জন্য প্রযোজ্য ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডসমূহ অনুসরণপূর্বক এবং এর সংশ্লিষ্ট ছক অনুযায়ী স্থিতিপত্র প্রস্তুত করিতে হইবে।

৫। ইসলামী বীমা ব্যবসার হিসাব।- বীমাকারী বীমা আইন ২০১০ এর ধারা ৭ এর আওতাধীন একইসাথে প্রচলিত বীমা ব্যবসা ও ইসলামী বীমা ব্যবসা পরিচালনা করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক অনুমতি প্রাপ্ত হইলে প্রবিধি ৩ ও ৪ পরিপালনপূর্বক ইসলামী বীমা ব্যবসার হিসাব এবং প্রচলিত বীমা ব্যবসার হিসাব রাজস্ব, লাভ-ক্ষতির হিসাব ও স্থিতিপত্রে পৃথকভাবে উপস্থাপন করিতে হইবে।

৬। শেয়ার গ্রহীতা ও পলিসি গ্রাহকদের তহবিল সংরক্ষণ।- ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ৪০ এর আওতায় ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক সর্বশেষ গৃহীত ও বীমাকারীর জন্য প্রযোজ্য ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডসমূহ অনুসরণপূর্বক বীমাকারী কর্তৃক শেয়ার গ্রহীতা ও পলিসি হোল্ডারদের তহবিল পৃথকভাবে সংরক্ষণ করিতে হইবে।

কর্তৃপক্ষের আদেশক্রমে,

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

১

মোহাম্মদ জয়নুল বারী  
চেয়ারম্যান  
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

31 MAR 2024